# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 25 June, 2025

কলম্বো টেস্টের প্রথম দিনে ২ উইকেটে ৭১ রান করে মধ্যাহ্নবিরতিতে গেছে বাংলাদেশ। এই সেশনে খেলা হয়েছে ২৬ ওভার। সাদমান ইসলাম ৪৩ রান আর নাজমুল হোসেন শান্ত ৭ রানে অপরাজিত থেকে মধ্যাহ্নভোজে গেছেন।

এই সেশনের শেষ বলে রানআউটের শিকার হতে পারতেন সাদমান। লঙ্কান পেসার আসিথা ফার্নান্দোর বলে গালি অঞ্চলে বল ঠেলে দিয়েছিলেন শান্ত।কিন্তু রান নেবেন কিনা, তা নিয়ে দ্বিধাদ্বন্দ্বে ভুগছিলেন।অপরপ্রান্ত থেকে সাদমানও এগিয়ে গেলেন।শেষ পর্যন্ত রানটি নিয়েই ফেললেন তারা।

কিন্তু ফিল্ডার পাথুম নিশাঙ্কার থ্রো করা বলে সরাসরি স্টাম্প ভাঙলে আউট হয়ে যেতেন সাদমান।কিন্তু ভাগ্যক্রমে বলটি সরাসরি স্টাম্পে হিট করেনি।ফলে নিশ্চিত রানআউট থেকে বেঁচে যান সাদমান।

আজ বুধবার কলম্বো টেস্টে টস জিতে ব্যাটিংয়ে নামে বাংলাদেশ।খুবই রক্ষণাত্মক ভঙ্গিতে খেলা শুরু করেন দুই ওপেনার সাদমান ইসলাম ও এনামুল হক বিজয়।

কিন্তু এবারও উইকেটে স্থির হতে পারেননি বিজয়।ইনিংসের পঞ্চম ওভারে আসিথা ফার্নান্দোর বলে ব্যাটের ভেতর কাণায় লেগে বোল্ড হন তিনি।১০ বলে শূন্য রানে সাজঘরে ফেরেন।সর্বশেষ তিন টেস্ট ইনিংসে দ্বিতীয়বার ডাক মারলেন বিজয়।

আউট হওয়ার আগে লঙ্কান ডানহাতি পেসারের বলে আরও দুইবার জীবনও পান।ইনিংসের তৃতীয় আসিথার বলে বিজয়ের ক্যাচ ফেলে দেন লঙ্কান উইকেটরক্ষক কুশল মেন্ডিস।পরের বলে তৃতীয় স্লিপে আবার ক্যাচ তোলেন ডানহাতি ব্যাটার।অর্থাৎ দুটি জীবন পেয়েও কাজে লাগাতে পারেননি বিজয়।

এরপর উইকেটে ভালোভাবেই সেট হয়েছিলেন মুমিনুল হক।কিন্তু ইনিংসটা বড় করতে পারেননি।৩৯ বলে ২১ রান করে সাজঘরে ফেরেন ক্যাচ দিয়ে।

ইনিংসের ১৭তম ওভারের প্রথম বলে লঙ্কান স্পিনার ধনাঞ্জয়া ডি সিলভার বলে রুম করে মারতে গিয়ে বদলি ফিল্ডার পাবান রত্নায়েকের হাতে ক্যাচ হন বাঁহাতি টাইগার ব্যাটার।এতে ভাঙে বাংলাদেশের দ্বিতীয় উইকেটে ৩৮ রানের জুটি।দলীয় ৪৩ রানে দ্বিতীয় উইকেট হারায় বাংলাদেশ।

এরপর তৃতীয় উইকেটে ২৮ রানের অবিচ্ছিন্ন জুটি করে মধ্যাহ্নবিরতিতে গেছেন সাদমান ও শান্ত।

কলম্বো টেস্ট বাংলাদেশ,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 11:46

URL: https://timestodaybd.com/sports/3661775807